১) <u>শাখা, আঞ্চলিক কার্যালয় ও প্রধান কার্যালয়ের মাধ্যমে কর্মসংস্থান ব্যাংক নিম্নোক্ত সেবা প্রদান করছে</u> :

ক) <u>নিজস্ব কর্মসূচী:</u>

(১) দেশের বেকার বিশেষ করে বেকার যুবদের আত্ম-কর্মসংস্থানে ক্ষুদ্র ঋণ প্রদান কর্মসূচী ।

খ) <u>সরকারের বিশেষ কর্মসূচী:</u>

(১) কৃষি ভিত্তিক শিল্পে ঋণ প্রদান কর্মসূচী ;

(২) শিল্প কারখানা/প্রতিষ্ঠানের স্বেচ্ছা অবসরপ্রাপ্ত/ কর্মচ্যুত শ্রমিক/কর্মচারীদের কর্মসংস্থানে জামানত বিহীন ক্ষুদ্র ঋণ প্রদান কর্মসূচী ।

২) ঋণ পাওয়ার যোগ্যতা
<u>(নিজস্ব কর্মসূচীর ঋণের ক্ষেত্রে প্রযোজ্য)</u>:

ক) বাংলাদেশের নাগরিক হতে হবে ;

খ) শাখার অধিক্ষেত্রের স্থায়ী বাসিন্দা হতে হবে। স্থায়ী বাসিন্দা না হলে শাখার অধিক্ষেত্রের একজন স্থায়ী বাসিন্দাকে গ্যারান্টার হতে হবে ।

গ) বেকার/অর্ধ বেকার হতে হবে ;

ঘ) বয়স ১৮-৪৫ বছর হতে হবে। কর্মসংস্থান ব্যাংকের পুরনো ঋণ গ্রহীতা/মুক্তিযোদ্ধার ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য হবে ;

ঙ) প্রকল্প পরিচালনার যোগ্যতা থাকতে হবে ;

চ) প্রকল্প পরিচালনার বিষয়ে উপযুক্ত প্রশিক্ষণ/ অভিজ্ঞতা থাকতে হবে ;

ছ) অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/এনজিও-এর ঋণ খেলাপী হবেন না ।

৩) <u>ঋণের আবেদন গ্রহণ ও নিষ্পত্তিকরণ</u> :

ক) ব্যাংকের নির্ধারিত ফরমে (বিনামূল্যে) আবেদন করতে হবে ;

খ) কোন প্রসেসিং ফি নেই ;

গ) ঋণের আবেদনপত্র গ্রহণের পর সর্বোচ্চ ৪৫ দিনের মধ্যে এর নিষ্পত্তি করা হবে ।

৪) <u>ঋণের খাত</u> :

ক) কর্মসংস্থান ব্যাংক বর্তমানে নিম্নোক্ত খাতে ঋণ প্রদান করছে : (১) হাসঁ-মুরগীর খামার (২) দুগ্ধ খামার (৩) মৎস্য খামার (৪) গরু মোটাতাজাকরণ/ছাগল পালন (৫) কাপড় সেলাই (৬) হস্ত ও কুটির শিল্প (৭) তাঁত (৮) মৃৎ শিল্প (৯) সেলুন ও লন্ড্রি (১০) যানবাহন (দুই ষ্ট্রোক ইঞ্জিন ব্যতীত) (১১) কাঠের ও ষ্টীলের আসবাবপত্র (১২) ব্লক ও বুটিক (১৩) কম্পিউটার (১৪) ফটোকপি সেবা (১৫) গাড়ী মেরামত ও হালকা ইঞ্জিঃ ওয়ার্কসপ (১৬) গ্রামীণ যানবাহন (ভ্যান, রিক্সা, নৌকা ইত্যাদি) (১৭) ষ্টেশনারী ও ডিপার্টমেন্টাল ষ্টোর (১৮) রেডিও, টিভি ও অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জাম মেরামত (১৯) গ্রামীণ সেনিটারী (২০) ফার্মেসী (২১) নার্সারী ইত্যাদি । এছাড়া সরকার কর্তৃক নিষিদ্ধ নয় এবং বানিজ্যিকভাবে লাভজনক উৎপাদনশীল/সেবামূলক যেকোন অর্থনৈতিক কর্মকান্ড ঋণের খাত হিসাবে বিবেচিত হবে ।

৫) <u>ঋণের সীমা</u> :

ক) একক ব্যক্তির ক্ষেত্রে ঋণের সীমা সর্বোচ্চ ১০.০০ লক্ষ টাকা ;

খ) ৫ জনের একক গ্রুপের ক্ষেত্রে ঋণের সীমা সর্বোচ্চ ৪০.০০ লক্ষ টাকা ।

৬) <u>সুদের হার</u> :

ক) উৎপাদনশীল ও সেবামূলক খাতের ঋণের ক্ষেত্রে সুদের হার বার্ষিক শতকরা ১০ টাকা (Flat Rate) ;

খ) বানিজ্যিক খাতের ঋণের ক্ষেত্রে সুদের হার বার্ষিক শতকরা ১২ টাকা (Flat Rate) ।

* ব্যাংকের সুদের হার পরিবর্তনযোগ্য ।

৭) <u>ঋণের চার্জ ডকুমেন্টস্</u> :
৫,০০,০০০/- টাকা পর্যন্ত যে কোন পরিমাণ ঋণের ক্ষেত্রে প্রযোজ্য -

ক) ঋণ গ্রহীতা কর্তৃক স্বাক্ষরিত ডি.পি নোট ;

খ) প্রকল্পের সকল অস্থাবর সম্পত্তি/মালামাল ব্যাংকের নিকট দায়বদ্ধ রাখার জন্য ঋণ গ্রহীতার স্বাক্ষরিত হাইপোথিকেশন চার্জ ফরম ;

গ) ঋণ গ্রহীতা/গ্যারান্টারের সম্পত্তির মূল দলিল/দলিলপত্র জমা রাখার জন্য ঋণ গ্রহীতা/গ্যারান্টারের স্বাক্ষরিত স্মারকলিপি (প্রযোজ্য ক্ষেত্রে) ;

ঘ) তৃতীয় পক্ষের গ্যারান্টিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ।

৮) <u>ঋণের মেয়াদ ও পরিশোধসূচী</u> :

ক) সাধারণতঃ ২ বছর মেয়াদে ঋণ বিতরণ করা হয় । তবে প্রকল্পের প্রকৃতি, আকার, সম্ভাব্য মুনাফা ও ঋণ-পরিশোধের ক্ষমতা বিবেচনা করে ঋণের মেয়াদ সর্বোচ্চ ৫ বছর হতে পারে ;

খ) উৎপাদিত পণ্য/সেবার বিপণন/বাজারজাতকরণের উপর ভিত্তি করে সাপ্তাহিক/পাক্ষিক/মাসিক/ ত্রৈমাসিক/এককালীন কিস্তির পরিশোধসূচী দেয়া হয় ।

৯) <u>সাপ্তাহিক সঞ্চয়</u> :

ক) সঞ্চয়ের অভ্যাস তৈরী ও দুর্দিনের সঞ্চয়ের লক্ষ্যে ঋণ গ্রহীতাদের নামে সঞ্চয়ী হিসাব খোলা এবং নিম্নোক্ত হারে সঞ্চয় (জমা) বাধ্যতামূলক;

ঋণের পরিমাণ	সাপ্তাহিক সঞ্চয়	সঞ্চয়ের টাকা উত্তোলন
৫০,০০০/- টাকা পর্যন্ত	১০/-	ঋণের হিসাব বন্ধ হলে এবং পুন:ঋণ না নিলে সঞ্চয়ের টাকা উত্তোলন করা যাবে ।
৫০,০০০/- টাকার বেশী এবং ১,০০,০০০/- টাকা পর্যন্ত	২০/-	
১,০০,০০০/- টাকার উপরে	৪০/-	

১০) <u>মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীম</u> :

ক) ব্যাংকের নিজস্ব কর্মসূচীর আওতায় প্রত্যেক ঋণ গ্রহীতাকে মৃত্যু ঝুঁকি আচছাদন স্কীমের সদস্য হতে হবে ;

খ) প্রত্যেক সদস্যকে ঋণ গ্রহণের সময় মঞ্জুরীকৃত ঋণের ০.২৫% হারে চাঁদা (অফেরতযোগ্য) নগদে পরিশোধ করতে হবে ;

গ) ঋণের মেয়াদকালে ঋণ গ্রহীতার মৃত্যু হলে কর্মসংস্থান ব্যাংকের পাওনা এ স্কীম হতে সমন্বয় করা হবে । মৃতের উত্তরাধিকারীগণ নগদে কোন আর্থিক সুবিধা পাবেন না ।

১১) ষ্ট্যাম্প (ঋণ গ্রহীতা নিজ খরচে ব্যবহার করতে হবে) :

ক)	ডি. পি নোট	:	২০/- টাকা মূল্যমানের রেভিনিউ ষ্ট্যাম্প ;
খ)	লেটার অব হাইপোথিকেশন	:	১৫০/- টাকা মূল্যমানের Adhessive Stamp ;
গ)	মূল দলিল জমা রাখার স্মারক লিপি (প্রযোজ্য ক্ষেত্রে)	:	১৫০/- টাকা মূল্যমানের Adhessive Stamp ;
ঘ)	তৃতীয় পক্ষের গ্যারান্টিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)	:	১৫০/- টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পড্ পেপার ;
ঙ)	ঋণের চেক প্রাপ্তি স্বীকারপত্র (ভাউচারের পিছনে)	:	৫/- টাকা মূল্যমানের রেভিনিউ ষ্ট্যাম্প ।
	* ষ্ট্যাম্প এ্যাক্ট অনুযায়ী ষ্ট্যাম্প খরচ নির্ধারিত হবে		

১২) সতর্কতা :
গ্রাহকগণকে নিজ স্বার্থে নিম্নোক্ত বিষয়ে সতর্ক থাকতে হবে-

ক) ঋণের টাকা বুঝে নিন । ঋণের টাকা নগদে প্রদান করা হয় না কেবলমাত্র ঋণ গ্রহীতার নামে Order চেক অথবা A\C Payee চেকের মাধ্যমে বিতরণ করা হয় ;

খ) চেকের পিছনে স্বাক্ষর দিয়ে চেক নিজে নগদায়ন করবেন । অন্যের কাছে চেক হস্তান্তর করবেন না ;

গ) রশিদ ছাড়া কোন প্রকার লেনদেন করবেন না ;

ঘ) ঋণের জন্য সরাসরি ব্যাংকের ব্যবস্থাপক/কর্মকর্তার সাথে যোগাযোগ করবেন । কোন দালাল/তৃতীয় ব্যক্তির সাহায্য নিবেন না ।

১৩) ফোকাল পয়েন্ট :

(ক) সেবা সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ করুন :

কার্যালয়ের নাম	যার সাথে যোগাযোগ করবেন
শাখা কার্যালয়	সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক
আঞ্চলিক কার্যালয়	সংশ্লিষ্ট আঞ্চলিক ব্যবস্থাপক
প্রধান কার্যালয়	উপ-মহাব্যবস্থাপক ঋণ ও অগ্রীম, ঋণ আদায় ও আইন এবং গবেষণা বিভাগ কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ১, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০ ফোন : ৯৫৭১৭৭৯

(খ) সেবা না পাওয়ার ক্ষেত্রে অভিযোগ প্রদানের ক্ষেত্র
এবং ফোকাল কর্মকর্তার ঠিকানা :

যার বিরুদ্ধে অভিযোগ	যার সাথে যোগাযোগ করবেন	অভিযোগ নিস্পত্তির সময়
শাখায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী (শাখা ব্যবস্থাপক ব্যতীত)	সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক	০৭ দিন
শাখা ব্যবস্থাপক	সংশ্লিষ্ট আঞ্চলিক ব্যবস্থাপক	১৫ দিন
আঞ্চলিক ব্যবস্থাপক	মহাব্যবস্থাপক কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ১, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০ টেলিফোন : ৭১৬৯৮১৩	৪৫ দিন

১৪) অফিসের সময় সূচী :

* ব্যাংক সরকারী ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত গ্রাহকদের জন্য খোলা থাকে ;
* সকাল ৯টা থেকে দুপুর ২ টা পর্যন্ত কিস্তির টাকা জমা নেয়া হয় । বিশেষক্ষেত্রে নির্ধারিত সময়ের পরও কিস্তির টাকা জমা নেয়া হয় ।

-কর্তৃপক্ষ

কর্মসংস্থান ব্যাংকের

সিটিজেন চার্টার (Citizen Charter)

কর্মসংস্থান ব্যাংক রাষ্ট্রীয় মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান । সমগ্র দেশে ব্যাংকের ১০টি আঞ্চলিক কার্যালয় ও ১১০টি শাখা রয়েছে । এর মধ্যে ৬৪টি শাখা জেলা পর্যায়ে এবং ৪৬ টি শাখা উপজেলা পর্যায়ে সেবা প্রদান করছে । ব্যাংকের প্রধান কার্যালয়, ১ রাজউক এভিনিউ, ঢাকা-১০০০ এ অবস্থিত ।

C:\Documents and Settings\Engineer\Desktop\Web Pase Content\Citizen Charter (Dynamic PDF Format)\Citizen Charter (For Press).doc